

সূত্র

প্রিন্ট: ০৮ মার্চ ২০২৬, ০৪:৪৩ এএম

শিক্ষাঙ্গন

পরিপ্রবিতে দুই হলের শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষ, আহত ৫

Advertisement

আরও দেখুন

বিজ্ঞান >

জিয়াউর রহমান হল >

জিয়াউর রহমান হল >



দুমকি (পটুয়াখালী) প্রতিনিধি

প্রকাশ: ০৫ মার্চ ২০২৬, ১০:২৬ পিএম



পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পবিপ্রবি) গভীর রাতে জিয়াউর রহমান হল ও বিজয়-২৪ হলের শিক্ষার্থীদের মাঝে সংঘর্ষ ও ধাওয়া-পালটা ধাওয়ার ঘটনা ঘটেছে। এ সময় ইটপাটকেল নিক্ষেপে অন্তত ৫ জন আহত হয়েছেন। বুধবার রাত আড়াইটায় এ সংঘর্ষ হয়।

ক্যাম্পাস সূত্রে জানা গেছে, জিয়া হল ও বিজয় ২৪ হলের কৃষি ২৩-২৪ সেশনের শিক্ষার্থীদের মধ্য এক হলে থেকে অন্য হলে জুনিয়র ব্যাচের শিক্ষার্থীকে ডেকে নিয়ে যাওয়ার ঘটনাকে কেন্দ্র করে প্রথমে কথা কাটাকাটি হয়। পরবর্তীতে তা সংঘর্ষে রূপ নেয়। গভীর রাতে বিশ্ববিদ্যালয়ের ২য় গেটে প্রায় ২ ঘণ্টা ধরে ধাওয়া-পালটা ধাওয়া চলে। এ সময় উভয় পক্ষ ইটপাটকেল নিক্ষেপ করে। এতে অন্তত ৫ জন শিক্ষার্থী আহত হওয়ার খবর পাওয়া গেছে।

দুমকি থানার ওসি মো. সেলিম উদ্দিন এ প্রতিবেদককে জানান, খবর পাওয়ার সঙ্গে সঙ্গে তিনিসহ পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌঁছান। সংঘর্ষ যাতে ছড়িয়ে না পরে সেজন্য ব্যবস্থা গ্রহণ করেন তারা। পরিস্থিতি নিয়ন্ত্রণে এলে শিক্ষার্থীদের উভয় পক্ষ যার যার হলে চলে যান।

এ বিষয়ে পবিপ্রবির প্রক্টর অধ্যাপক আবুল বশার খান যুগান্তরকে বলেন, বর্তমানে ক্যাম্পাসের পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

